

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৪০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস বাহ্যত আমাদের উল্লেখিত পূর্বের ইকরামার হাদীসের বিপরীত

ذَكَرُ خَبَرٍ يُضَادُّ خَبَرَ عِكْرَمَةَ الَّذِي ذَكَرْنَاهُ فِي الظَّاهِرِ

আরবী

2740 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ
يَحْيَى بْنِ أَبِي إِسْحَاقَ قَالَ:

سَأَلْتُ أَنَسَ بْنَ مَالِكٍ عَنْ قَصْرِ الصَّلَاةِ فَقَالَ: سَافَرْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ
وَسَلَّمَ مِنَ الْمَدِينَةِ إِلَى مَكَّةَ فَصَلَّى بِنَا رَكَعَتَيْنِ حَتَّى رَجَعْنَا فَسَأَلْتُهُ: هَلْ أَقَامَ؟ قَالَ: نَعَمْ
أَقَمْنَا بِمَكَّةَ عَشْرًا.

الراوي : أَنَسُ بْنُ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2740 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(1106): ق.

বাংলা

২৭৪০. ইয়াহইয়া বিন আবী ইসহাক বলেন, “আমি আনাস বিন মালিক রাহিয়াল্লাহু আনহুকে সালাত কসর করা সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বলেন, “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে মদীনা থেকে মক্কার উদ্দেশ্যে সফর করেছি। অতঃপর তিনি ফিরে না আসা পর্যন্ত আমাদের নিয়ে দুই রাকাত সালাত পড়েছেন।”

রাবী বলেন, “অতঃপর আমি তাকে জিজ্ঞেস করলাম, “তিনি কি কোথাও অবস্থান করেছেন?” জবাবে তিনি বলেন, “হ্যাঁ। আমরা মক্কায় ১০ দিন অবস্থান করি।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৯০; সহীহ মুসলিম: ৬৯৩; সহীহুল বুখারী: ১০৮১; ইবনুল জারুদ, আল মুনতাকা: ২২৪;

আবু আওয়ানা: ২/৩৪৬; তিরমিযী: ৫৪৮; আবু দাউদ: ১২৩৩; নাসাঈ: ৩/১২১; দারেমী: ১/৩৫৫; ইবনু মাজাহ: ১০৭৭; সুনান বাইহাকী: ৩/১৩৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১১০৬)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ ইয়াহুইয়া ইবনু আবু ইসহাক (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92070>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন